

## ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬-এ ২০১৭-১৮ শিক্ষাবর্ষে **Applied Criminology and Police Management (MACPM)** প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত তথ্যবলী নিম্নে প্রদত্ত হলো :-

### ১। ভর্তির যোগ্যতা :

পুলিশ কর্মকর্তা, পুলিশ কর্মকর্তা ব্যতিরেকে (ক্যাডার/নন-ক্যাডার সিভিল কর্মকর্তা, সামরিক কর্মকর্তা এবং পেশাজীবী) এবং বিদেশী নাগরিক যাদের নিম্নবর্ণিত যোগ্যতা রয়েছে, উক্ত মাস্টার্স প্রোগ্রামে ভর্তির জন্য যোগ্য প্রার্থী হিসেবে বিবেচিত হবে।

(ক) পুলিশ কর্মকর্তাদের জন্য: পুলিশ পরিদর্শক (ইন্সপেক্টর) এবং তদুর্ধ্ব কর্মকর্তা যাদের ২ বছরের চাকরির অভিজ্ঞতা রয়েছে;

(খ) নন-পুলিশ; যাদের ৩ বছরের চাকরির অভিজ্ঞতা রয়েছে এবং

- মাস্টার্স ডিগ্রী অথবা
- তিন বছরের স্নাতক সহ মাস্টার্স ডিগ্রী অথবা
- ৪ বছরের স্নাতক (সম্মান) ডিগ্রী;

(গ) শিক্ষা জীবনের যে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী ভর্তির অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে;

(ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত যোগ্যতার ভিত্তিতেই বিদেশী শিক্ষার্থী ভর্তি হতে পারবে।

### ২। আবেদনের নিয়ম :

পুলিশ স্টাফ কলেজের নির্ধারিত ফরমের মাধ্যমে আবেদন করতে হবে। পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে :

ক) এস.এস.সি/সম্মান হতে স্নাতক (সম্মান)/মাস্টার্স পর্যন্ত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও

নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;

খ) জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীধারীদের মাইগ্রেশন সনদের মূল কপি;

গ) বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রীধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে সমতা নিরূপনের সনদপত্র;

ঘ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র;

ঙ) পুলিশ প্রার্থীদের পদমর্যাদার প্রমাণপত্র (আইডি বিপি নম্বরসহ);

চ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ কপি রঙিন ছবি;

ছ) ভর্তি হওয়ার সময় মূল সনদপত্র ও মার্কসিট সাথে নিয়ে আসতে হবে।

বিঃদ্রঃ প্রয়োজনীয় কাগজপত্র অসম্পূর্ণ থাকলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তির সময় অবশ্যই কলেজ কর্তৃপক্ষের নিকট মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। এতে ব্যর্থ হলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। কলেজ কর্তৃপক্ষ সনদ ও নম্বরপত্রের সত্যতা সম্পর্কে নিশ্চিত হয়ে বিশ্ববিদ্যালয়ে কাগজপত্র দাখিল করবেন।

৩। ফিসের বিবরণ :

যাবতীয় ফিসের বিবরণী কলেজের পরিচিতি পত্রে বিস্তারিত পাওয়া যাবে। (জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের ৬৯তম সভার সিদ্ধান্ত মোতাবেক রেজিস্ট্রেশন ফি পুনঃনির্ধারিত)।

৪। ভর্তি ও রেজিস্ট্রেশনের সময়সীমা :

(ক)	ভর্তির ফরম প্রাপ্তি শুরু তারিখঃ	২৬ মে ২০১৮ খ্রিঃ
(খ)	জমা দানের শেষ তারিখঃ	২৬ জুন ২০১৮ খ্রিঃ
(গ)	ভর্তি পরীক্ষার তারিখঃ	২৮ জুন ২০১৮ খ্রিঃ
(ঘ)	ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশঃ	৩০ জুন ২০১৮ খ্রিঃ
(ঙ)	ভর্তি শুরুঃ	০১ জুলাই ২০১৮ খ্রিঃ
(চ)	ভর্তির সর্বশেষ তারিখঃ	০৭ জুলাই ২০১৮ খ্রিঃ

বিঃদ্রঃ নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই ব্যাংক ড্রাফট, ভর্তি বিবরণী ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট শাখায় গ্রহণ করা হবে না। বিবরণীতে উল্লিখিত শিক্ষার্থীর অতিরিক্ত ফি জমা দিলে তা ফেরৎ বা সমন্বয় করা হবে না। বিলম্বে ভর্তির বিশেষ অনুমতির জন্য কোন প্রকার আবেদন জাতীয় বিশ্ববিদ্যালয়ে গৃহীত হবে না।

৫। ক্লাস শুরুর তারিখ : ০৮/০৭/২০১৮ইং

- ৫.১ এমএসপিএম প্রোগ্রামে নিয়মিত ক্লাস করতে হবে এবং পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা হিসেবে ক্লাসে কমপক্ষে ৬০% উপস্থিতি থাকতে হবে;
- ৫.২ প্রোগ্রামটি সম্পূর্ণ অনাবাসিক হবে।

৬। পাঠ্যক্রম ও পাঠ্যসূচী :

এমএসপিএম প্রোগ্রামের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত পুলিশ স্টাফ কলেজ কর্তৃক প্রণীত পাঠ্যসূচী অনুসরণ করতে হবে।

৭। রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে পরীক্ষার্থীগণ জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক গৃহীত যে কোন সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবে।

৮। যোগাযোগ :

যে কোন রিপোর্ট ও তথ্যের জন্য পরিচালক (একাডেমিক), MACPM, কক্ষ নম্বর -১০৪, পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ, ফোন নম্বর- ০১৭৩৯৬৮১০১১; ০১৭১১৯৩৪১৫৯; ৮৮০-২-৫৫০৭৯১৩১-৩৩; ই-মেইল shakhawat.cps@gmail.com web: www.psc.gov.bd এর সাথে যোগাযোগ করতে হবে।

পরিচালক (একাডেমিক)  
পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ  
সেকশন-১৪, মিরপুর, ঢাকা -১২০৬